



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

উপপরিচালক (বীজ বিপণন) এর কার্যালয়

কদমতলী, সিলেট।

[ddsmbadcsylhet@gmail.com](mailto:ddsmbadcsylhet@gmail.com)

“কৃষিই সমৃদ্ধি”



## “বীজ ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

এতদ্বারা সিলেট অঞ্চলে বীজ ডিলার নিয়োগের দরখাস্ত আহ্বান করা হচ্ছে। সংস্থার নির্ধারিত আবেদনপত্র ফরম ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যে ক্রয় করা যাবে। আবেদন বিবেচনার ক্ষেত্রে উপজেলার যে সমস্ত ইউনিয়নে বীজ ডিলার নেই সেই সমস্ত ইউনিয়নে বীজ ডিলার নিয়োগে অগ্রাধিকার দেওয়া হবে। আগ্রহী ব্যক্তিদেরকে ৩০-০৭-২০২৩ খ্রি. তারিখ হতে ১৪-০৮-২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে বীজ ডিলার নিয়োগের আবেদনপত্র সংগ্রহ করতে হবে। আবেদন ফরম পূরণ পূর্বক আনুষ্ঠানিক কাগজপত্রসহ আগামী ২৪-০৮-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে।

### আবেদনকারীর যোগ্যতা :

- (১) বীজ ডিলারশীপের জন্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অবশ্যই ব্যবসায়ী, বাংলাদেশের নাগরিক এবং সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের স্থায়ী বাসিন্দা হতে হবে, কৃষি মন্ত্রণালয়ের বীজ ডিলার হিসাবে অবশ্যই নিবন্ধন থাকতে হবে।
  - (২) আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে অবশ্যই বীজসহ কৃষি উপকরণ ব্যবসা, ট্রেড লাইসেন্স এবং এ সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
  - (৩) অংশীদারত্ব ভিত্তিক কোন প্রতিষ্ঠান/সংগঠন যদি বীজ ডিলারশীপের জন্য আবেদন করেন তবে উক্ত সংগঠন/প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির পক্ষ থেকে যার নামে ডিলারশীপ দেয়া হবে তাঁকে ব্যবসা পরিচালনার সর্বময় ক্ষমতা ((Power of Attorney) দিতে হবে।
  - (৪) সংস্থার নিয়ন্ত্রণাধীন প্রকল্প/কর্মসূচি ব্যতিত অন্য কোন সরকারী/আধা-সরকারী/সরকারী প্রকল্প/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা প্রতিষ্ঠানের সুবিধাভোগী ব্যক্তি/গোষ্ঠী বীজ ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন না।
  - (৫) বীজ উৎপাদনকারী/আমদানিকারক/নিজস্ব ট্রেডমার্কে বীজ বিপণনকারী কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বীজ ডিলারশীপের জন্য আবেদন করতে পারবেন না।
- প্রাপ্ত আবেদনপত্র গুলো যাচাই বাছাই করে বৈধ আবেদনপত্র গুলো এ ব্যাপারে গঠিত কমিটি কর্তৃক চূড়ান্তভাবে বিবেচিত হওয়ার পর বীজ ডিলার নিয়োগপত্র জারী করা হবে।

(সুপ্রিয় পাল)

(পরিচিতি নম্বরঃ ০২০১৯৮)

উপপরিচালক (বীজ বিপণন),

বিএডিসি, সিলেট।

ফোনঃ ০২৯৯৬৬৪৩৪৫০

তারিখঃ ৩০ জুলাই, ২০২৩ খ্রি.।

স্মারক নং-১২.০৬.০০০০.৬৭৫.১১.০০১.২০২৩-২০২৪/৩০

অবগতি ও প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। গুদাম রক্ষক, আঞ্চলিক বীজ গুদাম, বিএডিসি, দেবপুর, সিলেট।
- ২। উপসহকারী পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ফুলাউড়া, মৌলভীবাজার।
- ৩। সহকারী পরিচালক (আমগ্র), বিএডিসি, ইটাখোলা।
- ৪। সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৫। সিনিয়র সহকারী পরিচালক (খামার), সিলেট বীজ উৎপাদন খামার, বিএডিসি, ইসলামপুর, সিলেট/ইটাখোলা, হবিগঞ্জ।
- ৬। উপজেলা কৃষি অফিসার,.....(সকল), সিলেট/ মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ জেলা।
- ৭। উপপরিচালক (বীজ উৎপাদন/এ, এস, সি/বীঃপ্রঃ/টিসি), বিএডিসি, সিলেট/ইটাখোলা/শ্রীমঙ্গল।
- ৮। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৯। যুগ্ম-পরিচালক (বীজ বিপণন/সার), বিএডিসি, সিলেট বিভাগ, সিলেট।
- ১০। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি, ঢাকা।
- ১১। হিসাব শাখা, অত্র দপ্তর।
- ১২। নোটিশ বোর্ড।

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে  
লাগানোর জন্য বলা হলো।

সদয় অবগতির জন্য

উপপরিচালক (বীজ বিপণন),  
বিএডিসি, সিলেট।

তারিখঃ ৩০ জুলাই, ২০২৩ খ্রি.।

স্মারক নং-১২.০৬.০০০০.৬৭৫.১১.০০১.২০২৩-২০২৪/৩০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।

উপপরিচালক (বীজ বিপণন),  
বিএডিসি, সিলেট।